



ফ্যাসিবাদীদের তথ্য দিলে রাষ্ট্রদ্রোহের আইনে ব্যবস্থা: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

পুলিশের কোনো সদস্য ফ্যাসিবাদী শক্তির সঙ্গে যোগাযোগ রেখে তাদের তথ্য দিলে তার বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহ আইনে ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ।

শনিবার (২৬ সেপ্টেম্বর) রাজধানীর রাজারবাগে পুলিশ সপ্তাহের পদক প্রদান অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। অনুষ্ঠানে ৯২ জন পুলিশ সদস্যকে বিপিএম ও পিপিএম পদক দেওয়া হয়। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, দেশের মানুষ হত্যার সঙ্গে জড়িত ব্যক্তিরা বিদেশে অবস্থান করে মাঝেমাঝে হুমকি দিচ্ছে। তারা দেশকে অস্থিতিশীল করার চেষ্টা করলে কঠোরভাবে তা মোকাবিলা করা হবে। একই সঙ্গে ফ্যাসিবাদী আওয়ামী শক্তির দোসরদের আইনের আওতায় আনতে সক্ষম পুলিশ সদস্যদের পুরস্কৃত করার কথাও জানান তিনি।

সালাউদ্দিন আহমেদ আরও জানান, সাইবার অপরাধ মোকাবিলায় আগামী সপ্তাহে পৃথক একটি সাইবার ইউনিট গঠন করা হবে। একজন অতিরিক্ত আইজিপি'র নেতৃত্বে ইউনিটটি পরিচালিত হবে। দায়িত্ব পালনের ক্ষেত্রে পুলিশ সদস্যদের সাহস, সততা ও নিষ্ঠার সঙ্গে কাজ করার আহ্বান জানান তিনি।